

সিয়াম বিষয়ক নির্বাচিত ফাতওয়া

বিভাগ/অধ্যায়ঃ একজন নারীর জন্য তার ঘরে ই'তিকাফ করা শুদ্ধ নয় রচয়িতা/সঙ্কলকঃ ইসলাম কিউ এ (Islamqa.com)

একজন নারীর জন্য ঘরে ই'তিকাফ করা জায়েয কিনা? সে কী করবে যদি তার রান্না করার প্রয়োজন পড়ে?

ফাত্ওয়া নং - 37911

সমস্ত প্রশংসা আল্লাহর জন্য।

ই'তিকাফ শুধুমাত্র মাসজিদে করা বৈধ। কারণ, আল্লাহ তা'আলা বলেছেন:

"আর যতক্ষণ তোমরা ই'তিকাফরত (দুনিয়াবী কাজ থেকে বিরত থেকে নিজেকে 'ইবাদত ও প্রার্থনার জন্য মাসজিদের ভিতর সীমাবদ্ধ রাখা) অবস্থায় মাসজিদে অবস্থান কর, ততক্ষণ পর্যন্ত স্ত্রীদের সাথে মিলিত হয়ো না।" [আল-বাকারাহঃ ১৮৭]

এই হুকুম পুরুষ ও নারী উভয়ের জন্যই সমানভাবে প্রযোজ্য।

ইবনু কুদামাহ 'আল-মুগনী'-তে (৪/৪৬৪) বলেছেন :

'একজন নারী সব মাসজিদে ই'তিকাফ করতে পারে এবং সে মাসজিদে জামা'আতে সালাত আদায় করতে হবে এমন কোনো শর্ত নেই, কারণ, এটি (জামা'আতে সালাত আদায়) তার জন্য বাধ্যতামূলক নয়।" আর ইমাম আশ-শাফি'ঈ এই মত পোষণ করেছেন।

নারীর জন্য তার ঘরে ই'তিকাফ করার বিধান নেই, কারণ আল্লাহ বলেছেন:

"আর যতক্ষণ তোমরা ই'তিকাফরত (দুনিয়াবী কাজ থেকে বিরত থেকে নিজেকে 'ইবাদত ও প্রার্থনার জন্য মাসজিদের ভিতর সীমাবদ্ধ রাখা) অবস্থায় মাসজিদে অবস্থান কর, ততক্ষণ পর্যন্ত স্ত্রীদের সাথে মিলিত হয়ো না।" [আল-বাক্বারাহঃ ১৮৭]

এবং রাসূলের সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম স্ত্রীগণ তাঁর কাছে মাসজিদে ই'তিকাফ করার অনুমতি চাইলে তিনি তাঁদেরকে অনুমতি দিয়েছিলেন।'

'আল-মাজমু' (৬/৪৮০) তে ইমাম আন-নাওয়াউয়ী বলেছেন:

"পুরুষ এবং নারী উভয়ের জন্য মাসজিদের বাইরে ই'তিকাফ করা শুদ্ধ নয়।"

এটি ''আশ-শারহ আল-মুমতি''' (৬/৫১৩) তে শাইখ ইবনু 'উসাইমীন এই মতই পোষণ করেছেন।

আর আল্লাহই সবচেয়ে ভালো জানেন।



• Source — https://www.hadithbd.com/books/link/?id=1793

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন